

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৮৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (کِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ আল্লাহর রাস্তায় যুদ্ধরত ব্যক্তি যদি স্বীয় অস্ত্রের আঘাতে মারা যান, তার জন্য শাহাদত সাব্যস্তকরণ সম্পর্কে

ذِكْنُ إِثْبَاتِ الشَّهَادَةِ لِلْمُجَاهِدِ فِي سَبِيلِ اللَّهِ إِذَا قَتَلَهُ سِلَاحُهُ

আরবী

3186 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّتَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: مَدَّأَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ كَعْبِ بْنِ مَالِكِ وَعَبْدُ اللَّهِ بْنُ كَعْبِ بْنِ مَالِكِ أَنَّ سَلَمَةَ بْنَ الْأَكُوعِ قَالَ: لَمَّا كَانَ يَوْمَ خَيْبَرَ قَاتَلَ أَخِي قِتَالًا شَدِيدًا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَارِتدَّ عَلَيْهِ سَيْفُهُ فَقَتَلَهُ فَقَالَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَارِتدَّ عَلَيْهِ سَيْفُهُ فَقَتَلَهُ فَقَالَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَارِتدَ عَلَيْهِ سَيْفُهُ فَقَتَلَهُ فَقَالَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ذَلِكَ: رَجُلٌ مَاتَ بِسِلَاحِهِ وَشَكُوا فِي بَعْضِ أَمْرِهِ قَالَ سَلَمَةُ: صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ خَيْبَرَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ الْذَنْ لِي أَنْ أُرجُزُ فَقَلْلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ: أَعلم ما تقول: فِي رَسُولُ اللَّهُ مَا اهْتَدَيْنَا وَلَا تصدَّقنا وَلَا صَلَّيْنَا)

(فَأَنْزِلَنْ سَكِينَةً عَلَيْنَا وَثَبِّتِ الْأَقْدَامَ إِنْ لَاقَيْنَا)

(وَالْمُشْرِكُونَ قَدْ بَغَوْا عَلَيْنَا)

فَلَمَّا قضيتُ رَجَزِي قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ قَالَ هَذَا؟) قُلْتُ: أَخِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَرْحَمُهُ اللَّهُ) فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ نَاسًا أَبُوْا الصَّلَاةَ عَلَيْهِ مَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (رجلٌ الصَّلَاةَ عَلَيْهِ يَقُولُونَ: رَجُلُ مَاتَ بِسِلَاحِهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (رجلٌ ماتَ جاهداً مجاهداً)

الراوي: سَلَمَة بْن الْأَكْوَعِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3186 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود))



(2289): م.

বাংলা

৩১৮৬. সালামাহ বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "খায়বার যুদ্ধের দিন আমার ভাই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে থেকে প্রচন্ড যুদ্ধ করেন। এক পর্যায়ে তার তরবারী ফিরে এসে তাকে আঘাত লাগে এবং তিনি নিহত হোন। তখন তার ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণ বলেন, "লোকটি নিজের অস্ত্রের আঘাতে মারা গেলো!" এভাবে তারা তার (শাহাদাতের) ব্যাপারে সন্দেহ পোষন করলো।"

সালামাহ বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার থেকে ফিরে আসেন। আমি তাঁকে বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি আমাকে আপনার কাছে কবিতার কিছু চরণ আবৃতি করার অনুমতি দিন।" তখন তিনি আমাকে অনুমতি দিলেন। তখন উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি জানি তুমি কী বলবে।" (তারপর আমি কবিতা আবৃতি শুরু করি),

(وَاللَّهِ لَوْلَا اللَّهُ مَا اهْتَدَيْنَا _ وَلَا تصدَّقنا وَلَا صَلَّيْنَا)
(فَأَنْزِلَنْ سَكِينَةً عَلَيْنَا _ وَتَبِّتِ الْأَقْدَامَ إِنْ لَاقَيْنَا)
(وَالْمُشْرِكُونَ قَدْ بَغَوْا عَلَيْنَا)

"আল্লাহর কসম, আল্লাহ ছাড়া আমরা হেদায়েত পেতাম না, সাদাকাহ করতাম না এবং সালাতও আদায় করতাম না।

আমাদের উপর শান্তি অবতীর্ণ করুন, আমরা যদি শত্রুর মুখোমুখি হই, তখন আমাদের পদযুগল সুদৃঢ় রাখুন।

আর মুশরিকরা আমাদের উপর অত্যাচার করেছে।"

যখন আমি আমার কবিতা শেষ করলাম, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এটা কে বলেছে?" আমি বললাম, "আমার ভাই।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আল্লাহ তার প্রতি রহম করুন।" আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, লোকজন তার উপর সালাত আদায় করতে অস্বীকৃতি জানিয়েছে। তারা বলছে, "লোকটি নিজের অস্ত্রের আঘাতে মারা গেলো!" তখন রাসূল সাল্লাল্লাহু



আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তিনি জিহাদরত, মুজাহিদ অবস্থায় নিহত হয়েছেন।" [1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ২৫৩৮; নাসাঈ: ৬/৩০-৩২; সহীহ মুসলিম: ১৮০২; তাবারানী আল কাবীর: ৬২২৯; মুসনাদ আহমাদ: ৪/৪৬-৪৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২২৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন